

শাবি ভিসির পদত্যাগ দাবিতে প্রশাসনিক পদ-থেকে ৩৫ শিক্ষকের পদত্যাগ

স্টাফ রিপোর্টার, সিলেট অফিস ॥ শিক্ষকদের সঙ্গে অসদাচরণের প্রতিবাদে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (শাবিপ্রবি) ভিসির পদত্যাগ দাবিতে ৩৫ শিক্ষক বিশ্ববিদ্যালয়ের প্রশাসন থেকে পদত্যাগ করেছেন। জনপ্রিয় লেখক ড. জাফর ইকবালসহ একযোগে ৩৫ শিক্ষকের বিভিন্ন পদ থেকে পদত্যাগের ঘটনায় তোলপাড় সৃষ্টি হয়েছে। বিশ্ববিদ্যালয়ে এর আগে এ ধরনের ঘটনা ঘটেনি। সোমবার বেলা সোয়া ১১টায় তাঁরা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ইশফাকুল হকের কাছে পদত্যাগপত্র জমা দেন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক পরিষদের যুগ্ম-আহ্বায়ক অধ্যাপক মস্তাবুর (২ পৃষ্ঠা ৭ কঃ দেখুন)

শাবি ভিসির
(প্রথম পৃষ্ঠার পর)

রহমানের নেতৃত্বে ওই শিক্ষকরা পদত্যাগপত্র জমা দেন। পদত্যাগকারী শিক্ষকদের মধ্যে রয়েছেন- ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজির ডিরেক্টর থেকে অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল, সেন্টার ফর এপ্লিকেশন ডিরেক্টর থেকে অধ্যাপক ইউনুস, কোয়ালিটি এ্যাসিওরেসের পরিচালক থেকে অধ্যাপক আউয়াল বিশ্বাস, ভারপ্রাপ্ত প্রক্টর এমদাদুল হক, সহকারী প্রক্টর, ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা পরিচালক, পরিবহন প্রশাসক, শাবির তিনটি ছাত্র ও দুটি ছাত্রী হলের প্রভোস্ট, সহকারী প্রভোস্টসহ ৩৭ পদের ৩৫ জন। শিক্ষক পরিষদের যুগ্ম-আহ্বায়ক অধ্যাপক মস্তাবুর রহমান বলেন, 'আমাদের দাবি অনুযায়ী রবিবার বিকেল পাঁচটার মধ্যে ভিসি পদত্যাগ না করায় পূর্ব ঘোষণা অনুযায়ী আমরা পদত্যাগপত্র জমা দিয়েছি। শাবির রেজিস্ট্রার ইশফাকুল হক জানান, ৩৫ শিক্ষকের পদত্যাগপত্র পাওয়া গেছে।